নমুনা প্রশ্ন

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা

বিষয় : বাংলা

## খ সেট

পূর্ণমান – ১০০ সময় – ৩ ঘণ্টা

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

**সৃজনশীল অংশ (৪০ নম্বর)**

### গদ্যাংশ

**যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও।** ১০ × ২ = ২০

১। ঐতিহ্যবাহী ফুলপুর উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী শাহানা তার বিদ্যালয়ের সুনাম নিয়ে গর্ব করে। কিন্তু শ্রেণিকক্ষ অপরিষ্কার-অপরিচ্ছন্ন থাকার ব্যাপারটি তাকে ভীষণ পীড়া দেয়। বিষয়টি শ্রেণিশিক্ষককে জানালে তিনি পরিষ্কার -পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তার ওপর উদ্দীপনামূলক এক বক্তৃতা করেন এবং ছুটির পর সবাইকে থাকতে বলেন। চরম উত্তেজনা নিয়ে সবাই অপেক্ষা করে, কিন্তু স্যারের দেখা নেই। খোঁজ নিয়ে জানা গেল- তিনি বাসায় চলে গেছেন। শাহানা মর্মাহত হয় এবং বিষয়টি নিয়ে ভাবতে থাকে। পরদিন পরিকল্পনামাফিক শ্রেণির শিক্ষার্থীদেরকে সে কয়েকটি দলে ভাগ করে এবং ছুটির পর পালাক্রমে এক একটি দল শ্রেণিকক্ষটি পরিষ্কার করতে শুরু করে। তারা শ্রেণিকক্ষের দেওয়ালে বিভিন্ন মনীষীর ছবি টানিয়ে দেয়। ফলে শ্রেণিকক্ষটি আকর্ষণীয় ও পাঠের উপযোগী হয়ে ওঠে। বিদ্যালয় কর্তৃপক্ষ শাহানাদেরকে ভীষণ প্রশংসা করেন এবং পুরষ্কারের ব্যবস্থা করেন।

ক. 'দশচক্রে ভগবান ভূত' কথাটির অর্থ কী ? ১

খ. 'ভাব ও কাজ' প্রবন্ধে 'পুষ্পবিহীন সৌরভ' বলতে কী বোঝানো হয়েছে ? ২

গ. উদ্দীপকের শ্রেণিশিক্ষকের মধ্যে 'ভাব ও কাজ" প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. শ্রেণিশিক্ষক নন, শাহানাই কাজী নজরুল ইসলামের কাঙ্ক্ষিত ব্যক্তিত্ব- 'ভাব ও কাজ' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

২। গ্রীষ্মের ছুটিতে গ্রামে নানাবাড়ি বেড়াতে গিয়েছিল সুমি। হৈ চৈ-আনন্দে সময় ভালোই কাটছিল তার। এরই মধ্যেএকদিন সুমির বড়মামার মেয়ে সোহানা কলেজ থেকে ফিরে অজ্ঞান হয়ে যায়। বাড়ির সবাই তাকে নিয়ে ব্যস্ত হয়েপড়ে। কেউ মাথায় পানি ঢালে, কেউ হাত-পায়ের তালুতে সরিষার তেল মালিশ করে। সুমির নানি বলেন- 'সোহানারউপরে জিনের আছর হইছে, তাড়াতাড়ি ঝাড়ফুঁকের ব্যবস্থা কর।' অবস্থা দেখে সুমি সবার উদ্দেশ্যে বলে- 'প্রচণ্ড গরমে এবং না খেয়ে থাকার কারণে সোহানা আপু অসুস্থ হয়েছে। ঝাড়-ফুঁক নয় তাকে ডাক্তার দেখানোর ব্যবস্থা করতে হবে।'ডাক্তার দেখানোতে সোহানা সুস্থ হয়ে ওঠে।

ক. মামার তৈলচিত্রের কাছে গিয়ে নগেন অস্ফূট স্বরে কী বলেছিল ? ১

খ. নগেনের কেন মনে হয়েছিল যে সে পাগল হয়েছে? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের সুমি 'তৈলচিত্রের ভূত' গল্পের কার প্রতিনিধিত্ব করে ব্যাখ্যা কর। ৩

গ. সুমির নানিকে কি নগেনের প্রতিচ্ছবি বলা যায়? 'তৈলচিত্রের ভূত' গল্পের আলোকে তোমার মতামত দাও। ৪

৩। **অংশ-১ :** দরিদ্র কৃষক ওসমানের টানা-পোড়েনের সংসার হলেও আজকের দিনটার জন্য সে বিগত কয়েকদিন ধরেই প্রস্তুতি নিচ্ছে। নতুন জামা কাপড় বানিয়েছে, কষ্ট করে বেশ কিছু টাকাও জমিয়েছে। মনটা তার বেশ ফুরফুরে।কারণ তালুকদার সাহেব যে আজ তার সাথে সুন্দর করে কথা বলবেন, খোঁজ-খবর নেবেন এবং পান-সুপুরি ও মিষ্টিমুখে আপ্যায়ন করবেন।

**অংশ-২ :** গ্রীষ্মের ছুটিতে দাদুবাড়ি গেছে আবীর। বিকেলবেলা দাদুর সাথে গ্রামের বাজারে যেয়ে দেখে- দোকানপাট সব রঙিন কাগজে সাজানো, আপ্যায়নের জন্য বিভিন্ন ধরনের মিষ্টি রাখা হয়েছে, মাইকে গান বাজছে। দোকানে ঢুকতেই সবাই খুব খাতির-যত্ন করলো। ভীষণ ভালো লাগল আবীরের।

ক. বাংলার কৃষক পরিবারের প্রাচীন আঞ্চলিক মাঙ্গলিক অনুষ্ঠানটির নাম কী? ১

খ. বাঙালি জাতিসত্তা গঠনের সাথে বাংলা নববর্ষ উদযাপন কীভাবে জড়িত ছিল তা বুঝিয়ে লেখ। ২

গ. অংশ-১ এর ওসমান 'বাংলা নববর্ষ' প্রবন্ধের কোন উৎসবে যোগ দিয়েছিল তা ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীরের দেখা উৎসবটি বাংলা নববর্ষের প্রধান সর্বজনীন উৎসবের একটি উৎসব মাত্র- মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

# কবিতাংশ

**যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও।** **১০ × ২ = ২০**

৪। নবদম্পতি আব্দুল বারী ও সামিনা চৌধুরীর সংসারে পরপর দুই কন্যা সন্তান জন্ম নেয়। এজন্য তাদের দুজনেরই ভীষণ মন খারাপ। তাদের মতে- মেয়েরা তো পরের ঘরে চলে যাবে। বংশের বাতি দেওয়ার তো আর কেউ থাকবে না। অবশেষে পুত্রের আশায় তৃতীয় সন্তান নেওয়ার সিদ্ধান্ত নিলেন তারা। এবারও হলো কন্যা সন্তান। মনের দুঃখে মেয়ের নাম রাখলেন 'মেঘলা'। কারণ তাদের জীবনে নাকি ঘন-কালো মেঘের অন্ধকার নিয়ে এসেছে মেয়েটি। এ ঘটনা জানার পর বারী সাহেবের এক বন্ধু বললেন- "ঘন-কালো মেঘ থেকে ঝরা বৃষ্টিতেই সারা পৃথিবী সুশীতল হয় এবং জীবন ও প্রকৃতিতে প্রাণের স্পন্দন জাগে। কাজেই মেঘ ছাড়া বৃষ্টির আশা করা বোকামী।"

ক. যুগের ধর্ম কী ? ১
খ. কবির চোখে পুরুষ-রমণী কোন ভেদাভেদ নেই কেন? ২
গ. উদ্দীপকের নবদম্পতির মানসিকতায় 'নারী' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. বারী সাহেবের বন্ধুর বক্তব্যে- কাজী নজরুল ইসলামের অনুভূতি যথার্থভাবে প্রতিলিত হয়েছে কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৫।

**অংশ-১**

মায়ের ভাষায় কথা বলাতে
স্বাধীন আশায় পথ চলাতে,
হাসি মুখে যারা দিয়ে গেল প্রাণ,
সেই স্মৃতি নিয়ে গেয়ে যাই গান।

**অংশ-২**

ভাইয়ের বুকের রক্তে আজিকে
রক্ত মশাল জ্বলে দিকে দিকে।
সংগ্রামী আজ মহা জনতা
কণ্ঠে তাদের নব বারতা,
শহীদ ভাইয়ের স্মরণে।

ক. '............তবু তোরা পার পাবি?' চরণটির শূন্যস্থানে কী বসবে? ১
খ. 'এমন সময় ঝড় এল এক, ঝড় এল ক্ষ্যাপা বুনো' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. অংশ-১ 'একুশের গান' কবিতার যে ভাবের সাথে সঙ্গতিপূর্ণ তা ব্যাখ্যা কর? ৩
ঘ. অংশ-২ এ প্রকাশিত চেতনাই 'একুশের গান' কবিতার মূল চেতনা- মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৬। জাতের নামে বজ্জাতি সব, জাত জালিয়াত খেলছো জুয়া
ছুঁলেই তোর জাত যাবে? জাত নয় তো ছেলের হাতের মোয়া।
হুঁকোর জল আর ভাতের হাঁড়ি ভাবলি এতেই জাতির জান
তাইতো বেকুব এক জাতিরে করলি তোরা একশ খান।

ক. জলকে কখন কূপজল বলা হয়? ১
খ. 'সাত বাজারে' জাত বিকানো বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. কবিতাংশে 'মানবধর্ম' কবিতার কোন ভাবটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ভাব সম্পর্কে লালন শাহ'র অভিমত কী? 'মানবধর্ম' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

## নির্মিতি অংশ (৩০ নম্বর)

**৭. যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও।** ৫ × ১ = ৫

**ক. সারমর্ম লেখ :**

বহুদিন ধরে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়াছি পর্বতমালা,
দেখিতে গিয়াছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হইতে শুধু দুই পা ফেলিয়া,
একটি ধানের শীষের ওপর
একটি শিশির বিন্দু।

**খ. সারাংশ লেখ :**

প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষায় পাশটাই বড় হয় এবং পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় জ্ঞান সীমাবদ্ধ থাকে। এ কারণেই পরীক্ষায় পাশ করা লোকের অভাব নেই আমাদের দেশে; কিন্তু অভাব আছে জ্ঞানীর। সেখানে জ্ঞান নির্বাসিত জীবনযাপন করে। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুকে অক্ষয় আসন লাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণ সমাজকে অনুপ্রাণিত করতে হবে। সহজলাভ আপাতত সুখের হলেও পরিণামে কল্যাণ বহন করে না। পরীক্ষা পাশের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনোই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

**৮. যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও।** ৫ × ১ = ৫

**ভাবসম্প্রসারণ কর:**

ক. স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

খ. নানান দেশের নানান ভাষা
বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?

**৯. যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও।** ৫ × ১ = ৫

ক. মনে কর, তোমার নাম রাজন,তুমি বরিশালে থাক। আর তোমার বন্ধুর নাম সুমন, সে দিনাজপুরে থাকে। তোমার জীবনের লক্ষ্যের কথা জানিয়ে তাকে একটি পত্র লেখ।

খ. মনে কর, তুমি ধানসিঁড়ি আদর্শ উচ্চ বিদ্যালয়, মধুপুর,যশোর থেকে এ বছর জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছ। প্রশংসাপত্র চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র রচনা কর।

**১০. যে কোনো ১টি বিষয়ে প্রবন্ধ রচনা কর।** **১৫ × ১ = ১৫**

ক. শিক্ষকের মর্যাদা
খ. দৈনন্দিন জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
গ. আমাদের গ্রাম

## বহুনির্বাচনি অংশ (৩০ নম্বর)

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রত্যেক প্রশ্নের মান ১। সকাল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ৬ দফা আন্দোলনের মিছিলে কত তারিখে গুলি করা হয়?
ক. ৬ জুন, ১৯৬৬ খ. ৭ জুন, ১৯৬৬
গ. ৮ জুন, ১৯৬৬ ঘ. ৯ জুন, ১৯৬৬

২। একাধিক শব্দের সমন্বয়ে অর্থের ধারাবাহিকতায় কী তৈরি হয়?
ক. ধ্বনি খ. শব্দ
গ. বাক্য ঘ. ভাষা

৩। 'মাটির দখলই খাটি জয় নয় বুঝেছে বিজয়ী বীর'-এ উপলব্ধির পর বাবুর কী পদক্ষেপ নেন?
ক. শত্রু দমন খ. সুশাসন
গ. জনসেবা ঘ. ছদ্মবেশধারণ

৪। কান ভাষারীতি অপরিবর্তনীয়?
ক. সাধুভাষা খ. চলিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. কথ্যভাষা

৫। গ্রামীণ নারীদের আবেগের সাথে সর্বাধিক সম্পৃক্ত লোকশিল্প হচ্ছে-
ক. নকশি কাঁথা খ. শীতল পাটি
গ. কাপড়ের তৈরী পুতুল ঘ. জামদানি শাড়ি

৬। সন্ধিতে ধ্বনির মিলন কত রকমের?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ

৭। নিচের কোনটি নববর্ষের আঞ্চলিক উৎসব?
ক. বৈসাবি খ. মেলা
গ. পুণ্যাহ্ন ঘ. হালখাতা

৮। 'প্+অ'= ব, সন্ধির এই নিয়মের যথার্থ উদাহরণ কোনটি?
ক. পাবক খ. পবিত্র
গ. সুবন্ত ঘ. পবন

৯। 'পড়ে পাওয়া' গল্পে কিশোরদের আচরণে ফুঁটে ওঠা দিকটি হলো-
i. ঐক্যচেতনা
ii.উন্নত মানবিকতাবোধ
iii.তীক্ষ্ণ বিবেচনাবোধ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ওiii
গ. ii ওiii ঘ. i, ii ওiii

১০। কোনটি উভয়লিঙ্গবাচক শব্দ?
ক. রাজা খ. বাঙালি
গ. চঞ্চল ঘ. পাচক

১১। 'প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
ক. অশ্রুমালা খ. শিবমন্দির
গ. অমিয়ধারা ঘ. মহররম শরীফ

১২। 'উহা' শব্দটির চলিত রূপ কোনটি ?
ক. ইহা খ. এ
গ. ও ঘ. যা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

রমিজের অন্তহীন চাওয়া। দরিদ্রদের জন্য প্রাপ্ত সাহায্যের সিংহভাগই তিনি আত্মসাৎ করেন। তারপরও তিনি অতৃপ্ত। হঠাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে রমিজ এখন মৃত্যুর সাথে লড়াই করছে। এখন সবাই বলছে - এটা তার দীর্ঘদিনের পাপের ফল।

১৩। উদ্দীপকের রমিজের সাথে 'সুখী মানুষ' নাটিকার কোন চরিত্র তুলনীয়?
ক. হাসু খ. কবিরাজ
গ. রহমান ঘ. মোড়ল

১৪। এরূপ তুলনার কারণ হলো, তিনি-
i. পরধন অপহরণকারী
ii.নৈতিক আদর্শ বিবর্জিত ব্যক্তি
iii.নির্দয় ও মানবপ্রেম শূন্য আত্মার অধিকারী
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i ও ii
গ. ii ও iii ঘ. i, ii ওiii

১৫। 'জয়ী বলিবনা এ দেহে রহিতে প্রাণ', এ বক্তব্যে ফুটে ওঠা দিকটি হলো–
ক. দেশপ্রেম খ. ক্রোধ
গ. প্রতিশোধস্পৃহা ঘ. বীরত্ব

১৬। নিচের কোন শব্দটিতে 'অ' এর সংবৃত্ত উচ্চারণ লক্ষ করা যায় ?
ক. অজ খ. মৃগ
গ. ক্ষণ ঘ. ঘর

১৭। প্রাচীন ভারতীয় আর্যভাষা কোনটি?
i.বৈদিক
ii.সংস্কৃত
iii.প্রাকৃত
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i ও i i
গ. i ও iii ঘ. i, ii ও iii

১৮। শব্দের অনুকরণে বা বিকারে যেসব শব্দের সৃষ্টি হয়, তাকে কী বলে ?
ক. ধ্বন্যাত্মক শব্দ খ. দ্বিরুক্তশব্দ
গ. শব্দদ্বৈত ঘ. অনুকার শব্দ

১৯। 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবির মিনতি নিচের কোন বাক্যে ফুটে উঠেছে?
ক. মধুহীন করো না গো তব মনঃকোকনদে খ. কিন্তু যদি রাখ মনে নাহি, মা, ডরি শমনে;
গ. ফুটি যেন স্মৃতি জলে/মানসে, মা, যথা ফলে ঘ. ভুল দোষ, গুণ, ধর/অমর করিয়া বর

২০। সম্বোধনের পরে আধুনিককালে কোন চিহ্ন বসে?
ক. দাঁড়ি খ. কমা
গ. কোলন ঘ. সেমিকোলন

২১। 'এই বাংলায়– হিন্দু-মুসলমান, বাঙালি, অ-বাঙালি যারা আছে তারা আমাদের ভাই'-এ বক্তব্যে ফুঁটে উঠা দিকটি হলো-
ক. দেশপ্রেম খ. মানবিকতাবোধ
গ. ঐক্যচেতনা ঘ. অসাম্প্রদায়িক চেতনা

২২। বিশেষণবাচক 'আলি' প্রত্যয়যুক্ত শব্দে ই-কার হবে। এই নিয়মের উদাহরণ কোনটি?
ক. নেপালি খ. বাঙালি
গ. সাঁওতালি ঘ. চৈতালি

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নম্বর প্রশ্নের উত্তর দাও।**

জমিদার জনার্দন ঘোষের কাছ থেকে সুদে টাকা ধার নেন প্রান্তিক চাষি গফুর। খরায় পর পর চার বছর কোনো ফসল না হওয়ায় গফুর সে ঋণ শোধ করতে পারেননি। এইসুযোগে জমিদার বাবু নিলাম ডেকে গফুরের ভিটে মাটি দখল করে নেয়।

২৩। উদ্দীপকের জমিদার চরিত্রের সাথে নিচের কোনটি সাদৃশ্যপূর্ণ চরিত্র?
ক. ইব্রাহিম লোদি খ. রাজা
গ. বাদশা বাবর ঘ. কবিরাজ

২৪। উক্ত চারিত্রিক বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে নিচের কোন বাক্যে?
ক. পেলে দুই বিঘে প্রস্থে ও দিঘে সমান হইবে টানা
খ. কহিলেন শেষে ক্রূরহাসি হেসে, আচ্ছা, সে দেখা যাবে
গ. করিল ডিক্রি, সকলই বিক্রি মিথ্যা দেনার খতে
ঘ. শুনি বিবরণ ক্রোধে তিনি কন, মারিয়া করিব খুন

২৫। 'কালো আর ধলো বাহিরে কেবল/ভেতরে সবারই সমান রাঙা।' এ বক্তব্যের সমর্থন পাওয়া যায় নিচের কোন বাক্যে?
ক. কেউ মালা, কেউ তসবি গলায়/তাইতে জাত ভিন্ন বলায়
খ. জগৎ বেড়ে জেতের কথা/লোকে গৌরব করে যথা-তথা
গ. যাওয়া কিংবা আসার বেলায়/জেতের চিহ্ন রয় কার রে।
ঘ. লালন সে জেতের ফাতা/ বিকিয়েছে সাত বাজারে

২৬। অর্থের অহংকার- বোঝাতে কোন বাগধারাটি প্রযোজ্য?
ক. তামার বিষ খ. টাকার গরম
গ. আমড়াগাছি করা ঘ. ব্যাঙের আধুলি

২৭। 'আবার আসিব ফিরে' কবিতায় কবির কোন চেতনার প্রকাশ ঘটেছে?
ক. স্বদেশপ্রীতি খ. পুনর্জন্মে বিশ্বাস
গ. সৌন্দর্যের বর্ণনা ঘ. প্রাকৃতিক বৈচিত্র্য

২৮। ভবিষ্যৎ কালের অনুজ্ঞা প্রকাশক বাক্য কোনটি?
ক. বড় হও, বুঝতে পারবে খ. আদেশ করুন, জাহাঁপনা
গ. অঙ্কটা বুঝিয়ে দেবেন? ঘ. মিথ্যা কথা বলো না

২৯। কোন শব্দটির কেবল পুরুষবাচক রূপই হয়ে থাকে?
ক. বিদ্বান খ. কোকিল
গ. কবিরাজ ঘ. অরণ্য

৩০। যৌগিক বাক্যের উদাহরণ কোনটি?
ক. জগতে অসম্ভব বলে কিছু নেই খ. দুঃখ এবং বিপদ একসাথে আসে
গ. যদিও লোকটি ধনী, তবুও সে কৃপণ ঘ. তার বয়স হলেও বুদ্ধ হয়নি